# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২৪
## অর্থবছর








বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

**bpi.gov.bd**

# বার্ষিক প্রতিবেদন

## <u>২০২৩-২৪ অর্থবছর</u>

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
**bpi.gov.bd**

| | | |
|---|---|---|
| সম্পাদনায় | : | মোঃ সাহিদুজ্জামান<br>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা |
| | : | মোঃ আবুল বাসার<br>উপ-পরিচালক |
| | : | মোঃ রনি রায়হান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা |
| | : | আব্দুল্লাহ আল্ নোমান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা |
| | : | রুবেল হোসেন<br>সহকারী পরিচালক |
| | : | লুলু-উম-মাকনুন মুমু<br>সহকারী পরিচালক |
| | : | মোঃ শরীফুল ইসলাম<br>সহকারী পরিচালক |
| | : | মোঃ হাবিবুর রহমান<br>বৈজ্ঞানিক কর্মকর্তা |
| প্রকাশনায় | : | **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**<br>**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**<br>**সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০**<br>**ফোন : ৮৮০-২-৪১০৯০০৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬**<br>**ওয়েব সাইট:** bpi.gov.bd |
| প্রকাশকাল | : | **সেপ্টেম্বর, ২০২৪** |



# মহাপরিচালকের বাণী

খেনচান
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

জ্বালানি খাতে প্রশিক্ষণ ও গবেষণা একটি সমন্বিত গুরুত্বপূর্ণ কার্যক্রম যা টেকসই উন্নয়নের জন্য অপরিহার্য। যা প্রযুক্তিগত উদ্ভাবন, দক্ষতা উন্নয়ন, এবং পরিবেশ সুরক্ষার মাধ্যমে সমাজ ও অর্থনীতির উন্নয়নে প্রশিক্ষণ ও গবেষণা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে জ্বালানিখাতে কর্মরত ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধি পায়। নতুন প্রযুক্তি, নিরাপত্তা প্রোটোকল এবং কার্যকরী ব্যবস্থাপনা সম্পর্কে মানসম্মত প্রশিক্ষণ কর্মীদের কাজের গুণগত মান উন্নত করে। গবেষণা জ্বালানির নতুন উৎস, নবায়নযোগ্য জ্বালানি এবং দক্ষ ব্যবস্থাপনার নতুন পদ্ধতি উদ্ভাবনে সহায়তা করে। গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে জ্বালানির ব্যবহারকে আরও কার্যকর এবং পরিবেশবান্ধব করে জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে সহায়তা করে। বিভিন্ন জ্বালানির উৎসের উপর নির্ভরতা কমাতে, বিকল্প শক্তির উৎসের উন্নয়নে সহায়তায় এবং দেশের জ্বালানি সরবরাহের স্থিতিশীলতা বৃদ্ধির জন্য এ খাতে প্রশিক্ষণ ও গবেষণার কোন বিকল্প নেই। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বর্তমান সময়ের প্রাসঙ্গিক ও বাস্তবমুখী প্রশিক্ষণ প্রদান ও গবেষণার মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন, বণ্টন, বিতরণ, ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখে। বিপিআই এর ক্ষুদ্র জনবল ও অবকাঠামোগত সীমাবদ্ধতা সত্ত্বেও বিপিআই লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করতে সক্ষম হয়েছে। বুনিয়াদি ও নিয়মিত প্রশিক্ষণসমূহের বাস্তবায়নের হার শতভাগ। জ্বালানি ও খনিজ সম্পদ খাতের সেবার মান উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও গবেষণার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যার্জনে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট তার প্রতিশ্রুতি ও কর্মে তৎপর রয়েছে।

খেনচান
মহাপরিচালক (অ.দা.)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

# সূচিপত্র


| ক্রমিক নং | পরিচ্ছেদ | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১। | প্রথম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি | ১-৪ |
| ২। | দ্বিতীয় পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর জনবল কাঠামো | ৫-৬ |
| ৩। | তৃতীয় পরিচ্ছেদ | : | ফিরে দেখা সোনালি অতীত | ৭-১০ |
| ৪। | চতুর্থ পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ২০২৩ - ২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম | ১১-১৭ |
| ৫। | পঞ্চম পরিচ্ছেদ | : | গবেষণা কার্যক্রম | ১৮-২০ |
| ৬। | ষষ্ঠ পরিচ্ছেদ | : | ২০২৩-২৪ অর্থবছরের কিছু উল্লেখযোগ্য অর্জন | ২১-২৫ |
| ৭। | সপ্তম পরিচ্ছেদ | : | বাজেট ও হিসাব (২০২৩ - ২০২৪ অর্থবছর) | ২৬-২৬ |
| ৮। | অষ্টম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ভবিষ্যৎ পরিকল্পনা | ২৭-২৭ |
| ৯। | নবম পরিচ্ছেদ | : | উপসংহার | ২৮-২৮ |

# প্রথম পরিচ্ছেদ
# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি

## ❖ ভূমিকা

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে ১৯৮১ সালের জানুয়ারি মাসে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়ব্যাপী দুই পর্যায়ে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন-২০০৪' দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্তের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা ডাটা ব্যাংক এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর উদ্দেশ্য। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি কিছুটা সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে এ প্রতিষ্ঠানে সহায়ক পরিবেশ তৈরি হয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর পরিচালন ব্যয় সরকারের রাজস্ব খাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়। এছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে প্রাপ্ত অর্থ দ্বারাও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে কর্মরত পেশাজীবীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কার্যক্রম ১০ (দশ) সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। এ পর্যন্ত বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট গভর্নিং বোর্ডের ৮২ (বিরাশি) টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

## ❖ রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

### ❖ অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।

### ❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন;
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন; এবং
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন।

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর কার্যাবলি-**

(ক) তৈল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তাকে উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বেয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) গবেষণা এবং কন্সালটেন্সীর মাধ্যমে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনসহ তৈল, গ্যাস ও খনিজ খাতে নিয়োজিত সরকারী সংস্থাকে সহায়তা;

(গ) তৈল গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(ঘ) একই ধরণের কর্মকান্ডে নিয়োজিত বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারী, বেসরকারী সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মাকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচী গ্রহণ করা;

(ঙ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তৈল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউটকে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(চ) ডিপ্লোমা ও সার্টিফিকেট প্রদান কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় কোর্স ডিজাইন, কারিকুলাম, ও সিলেবাস প্রণয়ন করা;

(ছ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন ও তথ্য প্রকাশ এবং বিক্রয় করা;

(জ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে ‘‘ফি’’ গ্রহণ করা;

(ঝ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরী ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা; এবং

(ঞ) প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরুপ ইন্সটিটিউটের সাথে যোগযোগ ও সম্পর্ক স্থাপন করা।

## ❖ গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)-এর কার্যক্রম নিম্নবর্ণিত ১০ (দশ) জন সদস্যদের সমন্বয়ে গঠিত বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করেন।


| ক্রমিক নং | পদবি ও সংস্থার নাম | বোর্ডের সদস্য |
|---|---|---|
| (১) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | চেয়ারম্যান |
| (২) | চেয়ারম্যান, বিপিসি | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (৪) | বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট | সদস্য |
| (৫) | যুগ্মসচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৬) | যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (৯) | বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বিপিআই | সদস্য সচিব |

## ❖ প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়নসংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি 'Bangladesh Society for Training and Development (BSTD)'-এর প্রাতিষ্ঠানিক সদস্য।

## ❖ ইন্সটিটিউটের অবস্থান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তরার ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।




*চিত্র- বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অবস্থানগত মানচিত্র।*

# দ্বিতীয় পরিচ্ছেদ
# বিপিআই-এর জনবল কাঠামো

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ২০২৩-২৪ অর্থবছরে ৯ম গ্রেডের বৈজ্ঞানিক কর্মকর্তার ২টি পদ এবং ১৩তম গ্রেডের হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার-এর ১টি নিয়োগের লক্ষ্যে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন করেছে। তাদেরকে গভর্নিং বোর্ডের অনুমোদন সাপেক্ষে নিয়োগ প্রদান করা হবে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর নিজস্ব ব্যবস্থাপনার মাধ্যমে স্বচ্ছতা ও নিরপেক্ষতার মাধ্যমে এ নিয়োগ প্রক্রিয়ার লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হয়। বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীরা প্রশাসনিক ও দাপ্তরিক দায়িত্ব আন্তরিকতার সঙ্গে পালনে সচেষ্ট রয়েছে। এ নিয়োগের ফলে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর জনবলজনিত সমস্যা অনেকটাই নিরসন হবে বলে আশা করা যাচ্ছে।

## ❖ জনবল কাঠামো

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর বিদ্যমান জনবল চিত্র নিচে তুলে ধরা হলো :

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ | -- | অতিরিক্ত দায়িত্বে নিয়োজিত |
| ২। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) | ০২ | ০০ | ০২ | ২টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত |
| ৪। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ | ০২ | ০১ | ১টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত |
| ৫। | উপপরিচালক | ০২ | ০১ | ০১ | ১টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) | ০৮ | ০৪ | ০৪ | ১টি পদ (১০%) নন-ক্যাডার থেকে নিয়োগের জন্য সংরক্ষিত |
| ৭। | সহকারী পরিচালক | ০৪ | ০৪ | -- | |
| | **২য়-৯ম গ্রেড মোট** | **২১** | **১৩** | **০৮** | |
| ৮। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ০১ | ০০ | ০১ | |
| ৯। | পিএ | ০৩ | ০১ | ০২ | ২টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত |
| ১০। | নকশাকার | ০১ | ০১ | -- | |
| ১১। | টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার) | ০২ | ০১ | ০১ | |
| ১২। | সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি) | ০৪ | ০৩ | ০১ | |
| ১৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ০১ | ০২ | ২টি পদ পদোন্নতির জন্য সংরক্ষিত |
| ১৪। | গাড়িচালক | ০৪ | ০৩ | ০১ | আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত |
| | **১৩-১৬তম গ্রেড মোট** | **১৮** | **১০** | **০৮** | |

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১৫। | ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর | ০২ | ০২ | -- | |
| ১৬। | ল্যাব এটেনডেন্ট | ০১ | -- | ০১ | |
| ১৭। | দপ্তরি | ০১ | ০১ | -- | |
| ১৮। | অফিস সহায়ক | ০৬ | ০৩ | ০৩ | বিদ্যমান বিধিমালা অনুযায়ী নিয়োগ দেয়া যাচ্ছে না। প্রবিধানমালা সংশোধনীর কার্যক্রম চলমান। |
| ১৯। | নিরাপত্তা প্রহরী | ০৩ | ০৩ | -- | আউটসোর্সিং-এর মাধ্যমে নিয়োজিত |
| ২০। | ঝাড়ুদার/পরিচ্ছন্নতা কর্মী | ০১ | ০১ | -- | |
| ২১। | মালী | ০১ | ০১ | -- | |
| | **১৭-২০তম গ্রেড মোট** | **১৫** | **১১** | **০৪** | |
| | **সর্বমোট : (১ম+৩য়+৪র্থ)** | **৫৪** | **৩৪** | **২০** | |

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ২০টি পদ শূন্য রয়েছে। তন্মধ্যে ০৮টি পদ প্রবিধানমালা অনুযায়ী পদোন্নতির জন্য সংরক্ষিত আছে, গাড়িচালকের ০১টি পদ গাড়ি কম থাকায় শূন্য আছে। অপর ০৩টি শূন্যপদের নিয়োগের লক্ষ্যে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ সম্পন্ন করা হয়েছে। ০১টি পদ (১০%) নন-ক্যাডার থেকে নিয়োগের জন্য সংরক্ষিত। ০৩টি পদ প্রবিধানমালায় বিদ্যমান নিয়োগ বিধি অনুযায়ী নিয়োগের প্রক্রিয়ায় জটিলতা থাকায় প্রবিধানমালা সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। অবশিষ্ট ০৩টি পদে ২০২৪-২৫ অর্থবছরে নিয়োগের উদ্যোগ গ্রহণ করা হবে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-কে একটি আন্তজার্তিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণসংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। বর্তমানে বিপিআই-এ একটি কম্পিউটার ল্যাব স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে।

# তৃতীয় পরিচ্ছেদ
## ফিরে দেখা সোনালি অতীত

বাংলাদেশের জ্বালানি ও খনিজসম্পদ খাতে অনুসন্ধান কার্যক্রম হতে শুরু করে তেল ও গ্যাস উৎপাদন, পরিশোধন এবং বিতরণে প্রশিক্ষণ, পরামর্শ, গবেষণা ও আনুষঙ্গিক সাহায্য এবং সহযোগিতা প্রদানের নিমিত্ত বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মতো সংস্থা গঠনের পরিকল্পনা ১৯৭৮ সাল হতে নেওয়া হয়েছিল। পরবর্তী সময়ে প্রকল্পটির প্রয়োজনীয়তা ও বাস্তবায়নের লক্ষ্যে আলাপ-আলোচনার মাধ্যমে ১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)' প্রতিষ্ঠার কাজ আরম্ভ হয়। দুই পর্যায়ে (১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬) সর্বমোট ১৯৬০.১৯ লক্ষ টাকায় (বৈ. মু. যথাক্রমে ১১৭৫.৪৫ লক্ষ টাকা এবং স্থা. মু. ৭৮৪.৭৪ লক্ষ টাকা) ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে ১৯৯৬ সালে প্রকল্পটি শেষ হয়। প্রকল্প উত্তর সময়কালে ২০-৭-১৯৯৮ খ্রিষ্টাব্দে একনেক সভার সিদ্ধান্ত মতে PSC চুক্তি অনুযায়ী বিদেশি তেল কোম্পানিসমূহের কাছ থেকে প্রশিক্ষণের জন্য পেট্রোবাংলার প্রাপ্য অর্থ দ্বারা পরিচালিত হয়েছে। সে সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪ সনের ৬ নং আইনবলে সুষ্ঠু ব্যস্থাপনা ও দক্ষপরিচালনা নিশ্চিতকল্পে সংশ্লিষ্ট বিষয়ে স্থানীয়ভাবে প্রশিক্ষিত ও দক্ষ জনশক্তি সৃষ্টিসহ গবেষণা ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনার লক্ষ্যে একটি ইন্সটিটিউট প্রতিষ্ঠার জন্য একটি পূর্ণাঙ্গ গবেষণা, উন্নয়ন ও প্রযুক্তিনির্ভর পেশাদারি প্রশিক্ষণ কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করে। ইন্সটিটিউটের দায়িত্ব হিসাবে তেল, গ্যাস ও খনিজসম্পদ খাতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন, সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর এবং এ খাতে সম্পৃক্ত কাজের মান উন্নয়ন ইত্যাদি দায়িত্ব এ প্রতিষ্ঠানের উপর অর্পিত হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন, ২০০৪-এর ৭ নং ধারা অনুযায়ী বিপিআই পরিচালনায় ১০ (দশ) সদস্যবিশিষ্ট একটি গভর্নিং বোর্ড রয়েছে এবং বোর্ডের নির্দেশনা মতে যাবতীয় কার্যক্রম পরিচালিত হচ্ছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সূচনালগ্ন থেকে জ্বালানি ও খনিজসম্পদ খাতের গবেষণা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ অতীতে জ্বালানি ও খনিজসম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হয়েছে এবং বর্তমানেও তা চলমান। ইতঃপূর্বে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক ২১টি গবেষণা পরিচালিত হয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) প্রতিবছর বাংলাদেশ বিমানবাহিনী, বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ নৌবাহিনীর সদস্যদের জন্য 'Storage, Handling and Maintenance of POL Products and Aircraft Refueling' শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করে থাকে। বিপিআই উক্ত প্রশিক্ষণসমূহে POL Products সংশ্লিষ্ট প্রশিক্ষক নিয়োজিত করে উন্নতমানের প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে ব্যাপক প্রশংসা অর্জন করেছে। প্রতিবছর এ প্রশিক্ষণ আয়োজনের জন্য বিপিআই 'ইষ্টার্ণ রিফাইনারী লিমিটেড'-এর সহায়তায় বিভিন্ন কার্যক্রম গ্রহণ করে থাকে।





চিত্র : বাংলাদেশ বিমানবাহিনী, সেনাবাহিনী ও নৌবাহিনীর সদস্যদের জন্য আয়োজিত ২০২০-২১ সালের প্রশিক্ষণের সনদপত্র বিতরণ ও সমাপনী অনুষ্ঠান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ২০১৯ সালে সর্বপ্রথম জ্বালানি ও খনিজসম্পদ খাতে বেসরকারি প্রতিষ্ঠানসমূহে কর্মরত কর্মকর্তাদের জন্যও সচেতনতামূলক ও কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে চলেছে। বেসরকারি খাতে নিয়োজিত কর্মকর্তাদের জন্য সচেতনতামূলক ও কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ব্যাপক সুনাম অর্জন করেছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেড ও ওমেরা এলপিজি লিমিটেড-এর কর্মকর্তা/কর্মচারীগণের জন্য 'এলপিজি সিলিন্ডার-এর সঠিক ব্যবহার ও নিরাপত্তা' শীর্ষক প্রশিক্ষণের আয়োজন প্রতিষ্ঠানটির প্রশিক্ষণ কার্যক্রমে নতুন মাত্রা যোগ করেছে। বিস্ফোরক পরিদপ্তর-এর সহায়তায় বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেডের জন্য প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম।

এছাড়া, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বিভিন্ন সময়ে জ্বালানি ও খনিজসম্পদ খাতে কর্মরত বিভিন্ন কোম্পানি/দপ্তর/সংস্থাসমূহে নবনিযুক্ত কর্মকর্তাদের জন্য বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ আয়োজন করে থাকে। এসকল প্রশিক্ষণে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ দেশের তেল গ্যাস ও খনিজসম্পদ খাতে অভিজ্ঞ (কারিগরি ও অকারিগরি) প্রশিক্ষকগণ প্রশিক্ষণ প্রদান করে থাকেন।




**চিত্র :** বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তৎকালীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের **সিনিয়র সচিব মোঃ মাহবুব হোসেন** মহোদয়।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট রাষ্ট্রীয়ভাবে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে বিপিআই সক্রিয়ভাবে অংশগ্রহণ করে থাকে। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশে উত্তরণের অনন্য সাফল্য অর্জন করায় আনন্দ শোভাযাত্রায় বিপিআই অংশগ্রহণ করে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পঞ্চবার্ষিকী পরিকল্পনা, এসডিজি সহ অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনে একনিষ্ঠ ভূমিকা পালন করে যাচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রতি বছর বিভিন্ন প্রতিষ্ঠান/কোম্পানীগুলোর সাথে ট্রেনিং ও গবেষণা খাত-কে কিভাবে আরও উন্নয়ন করা যায় সে বিষয়ে মতবিনিময় সভা আয়োজন করে থাকে।





চিত্র : ট্রেনিং ও গবেষণা খাত-কে কিভাবে আরও উন্নয়ন করা যায় সে বিষয়ে স্টেকহোল্ডার প্রতিষ্ঠান/কোম্পানীগুলোর সাথে অনুষ্ঠিত মতবিনিময় সভা।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট প্রতিবছর কারিগরি প্রশিক্ষণ আয়োজন করে। প্রশিক্ষণের আওতায় প্রশিক্ষণের বিষয়সংশ্লিষ্ট প্রকল্প পরিদর্শনের ব্যবস্থা করা হয়। পরিদর্শনে কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকৃত প্রশিক্ষণার্থীগণ সরেজমিনে সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহৃত যন্ত্রপাতি পদ্ধতি সম্পর্কে জ্ঞান অর্জন করেন।



**চিত্র : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক আয়োজিত Topographical survey বিষয়ক বাস্তবিক প্রয়োগের খন্ডচিত্র**

# চতুর্থ পরিচ্ছেদ

## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ কার্যক্রম

**প্রশিক্ষণ**

বর্তমান বৈশ্বিক আর্থিক সীমাবদ্ধতা সত্ত্বেও অনক্যাম্পাস এবং অনলাইন ব্যবস্থাপনার মাধ্যমে প্রতিটি প্রশিক্ষণ বিভিন্ন কারিগরি প্রতিষ্ঠানের প্রকৌশলীগণ ও বিশ্ববিদ্যালয়ের দক্ষ ও যোগ্য শিক্ষকসহ অন্যান্য অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দের মাধ্যমে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/ সংস্থা/ কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৩-২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণি-১) প্রণয়ন করা হয়, যা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়।

### ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা:

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০২৩-২৪ অর্থবছরের প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ছিল ২৫ (পঁচিশ)-টি প্রশিক্ষণ/কর্মশালা।

### সারণি-১: ২০২৩-২৪ অর্থবছরের অনুমোদিত প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার তালিকা


| Sl. No. | Name of the Training/Workshop | Tentative Date and Duration | Mode of Training |
|---|---|---|---|
| 1. | Office Management | 30 July - 3 August, 2023 (5 days) | On Campus |
| 2. | Oil & Gas Network Analysis, SCADA and Leak Detection | 6 - 10 August, 2023 (5 days) | On Campus |
| 3. | Project Management | 20 - 24 August, 2023 (5 days) | On Campus |
| 4. | Human Resources Management (HRM) | 27 - 31 August, 2023 (5 days) | On Campus |
| 5. | Gas Metering System | 10 - 14 September, 2023 (5 days) | On Campus |
| 6. | Annual Performance Agreement & Five Tools 2023-24: Guidelines and Execution Procedures | 17 - 21 September, 2023 (5 days) | On Campus |
| 7. | Presentation and Communication Skills | 25 - 27 September, 2023 (3 days) | On Campus |

| Sl. No. | Name of the Training/Workshop | Tentative Date and Duration | Mode of Training |
|---|---|---|---|
| 8. | Public Procurement Management and E-GP | 8 - 12 October, 2023 (5 days) | On Campus |
| 9. | Taxation and VAT Management | 17 - 19 October, 2023 (3 days) | On Campus |
| 10. | Special Foundation Course (4th Batch) | 22 October - 21 December, 2023 (2 months) | On Campus |
| 11. | Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline | 29 October – 02 November, 2023 (5 days) | On Campus |
| 12. | Fire Fighting, First Aid and Rescue Operation | 07 - 09 November, 2023 (3 days) | On Campus |
| 13. | Oil and Gas Distribution Fundamentals | 19 - 23 November, 2023 (5 days) | On Campus |
| 14. | Sustainable Development Goal (SDG) align with Delta Plan and Vision-2041 | 28 - 30 November, 2023 (3 days) | On Campus |
| 15. | Labor Act, Rules, Policies & Human Rights | 10 - 14 December, 2023 (5 days) | On Campus |
| 16. | Annual Confidential Report (ACR) Writing (W) | 28 December, 2023 (1 day) | On Campus |
| 17. | Basic Drilling, Well Completion and Workover Operations | 07 - 11 January, 2024 (5 days) | On Campus |
| 18. | Safety Precaution at Work Site and Occupational Health Safety | 14 - 18 January, 2024 (5 days) | On Campus |
| 19. | International Contract and Negotiation | 30 January - 01 February, 2024 (3 days) | On Campus |
| 20. | Special Foundation Course (5th Batch) | 03 February - 29 March, 2023 (2 months) | On Campus |
| 21. | Corrosion Control and Cathodic Protection | 11 - 15 February, 2024 (5 days) | On Campus |
| 22. | E-Governance and Innovation | 19 - 20 February, 2024 (2 days) | On Campus |
| 23. | Well Test Design and Analysis | 03 - 07 March, 2024 (5 days) | On Campus |
| 24. | Store Keeping and Stock Control (Inventory Management) | 31 March – 04 April, 2024 (5 days) | On Campus |
| 25. | Material Engineering Codes and Standards | 05 – 09 May, 2024 (5 days) | On Campus |


## ২০২৩-২৪ অর্থবছরের পরিচালিত প্রশিক্ষণ/কর্মশালা:

২০২৩-২৪ অর্থবছরে আয়োজিত দুই মাস ব্যাপী একটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ (চতুর্থ ব্যাচ)-এর আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর বিভিন্ন দপ্তর/ সংস্থা/ কোম্পানি থেকে সর্বমোট ২৭ (সাতাশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। ২০২৩-২৪ অর্থবছরের ৩০ জুন, ২০২৪ তারিখ পর্যন্ত অনক্যাম্পাসে উপরোল্লিখিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণসহ ২৪ (চব্বিশ) টি প্রশিক্ষণ/কর্মশালা সাফল্যজনকভাবে বাস্তবায়ন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ/কর্মশালায় মোট ৬০১ (ছয়শত এক) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কোর্সগুলো আবাসিক/ অনাবাসিকভাবে আয়োজন করা হয়।


নিম্নে বাস্তবায়িত প্রশিক্ষণ/কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা পাই চিত্রের মাধ্যমে প্রদর্শন করা হল।





চিত্র: ২০২৩ - ২৪ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের সংখ্যা।





চিত্র: ২০২৩ - ২৪ অর্থবছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।





চিত্র: ২০২৩ - ২৪ অর্থবছরে বাস্তবায়িত অ-কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র: ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র: ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনুরোধে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র: ২০২৩-২৪ অর্থবছরে অনুষ্ঠিত বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা।




**চিত্র: বিগত অর্থবছরসমূহ এবং ২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র।**












চিত্রঃ বিপিআই কর্তৃক ২০২৩-২৪ অর্থবছরে আয়োজিত বিভিন্ন প্রশিক্ষণের কিছু খন্ডচিত্র।

বিপিআই ২০২৩-২৪ অর্থ-বছরে মোট ২৪টি প্রশিক্ষণ আয়োজন করতে সমর্থ হয়। আয়োজিত সর্বমোট ২৪ টি প্রশিক্ষণ/কর্মশালায় ৬০১ জন-কে সর্বমোট ২৪,৩৫৩ জনঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

# পঞ্চম পরিচ্ছেদ

## গবেষণা কার্যক্রম

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট সূচনালগ্ন থেকে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের গবেষণা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। দক্ষ জনবল কাঠামো বিনির্মাণে প্রশিক্ষণ আয়োজনের পাশাপাশি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ জ্বালানি ও খনিজ সম্পদ খাতে বিভিন্ন ধরনের উন্নতমানের গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।


নিম্নে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক পরিচালিত কিছু গবেষণার শিরোনাম উল্লেখ করা হলো:

| Serial No. | Research Topic |
|---|---|
| 1. | Joint study on the Petroleum systems of the Surma Basin, Bangladesh- (2018) Phase III. |
| 2. | Joint study report on Petroleum systems study of Surma Basin, Bangladesh (2010) Phase-II. |
| 3. | Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North -Eastern Bengal Basin (Phase-II) |
| 4. | Joint research for the Petroleum Systems in the Bengal Basin. (November, 2002) |
| 5. | Seismic evidences on the occurrence of hydrocarbon in the Madarganj and Sariakandi areas of Jamalpur and Bogra districts respectively, (December, 2000) |
| 6. | Stratigraphic and structural features pertinent to the techtonic ceasing phase of the Surma Basin and Upliftment of the Madhupur tract regions of North-Eastern Bengal Basin. (June, 1999) |
| 7. | Gravity, magnetic, seismo-stratigraphic and structural characteristics of the North-Eastern Bengal Basin (Phase-1), June, 1997 |
| 8. | Mineralogical, crystalline and X-ray fabric study of the argillacious rocks of the Sitakund anticline. |
| 9. | Petrographic characterization of Neogene reservoir sandstones of Fenchuganj-2, Kamta-1 and Belabo-1 wells, Bangladesh. |
| 10. | Sedimentology and depositional environment of the Bengal Basin sub-surface Neogene succession based on detail facies and electrofacies analysis: A case study of the Kailashtilla, Rashidpur and Bakhrabad structures in norteastern Bangladesh. |
| 11. | Mineralogy and clay diagenesis of Neogene Shales from Patharia-5 Sitakund-1 wells, Eastern Folded belt, Bangladesh. |
| 12. | Deep seismic line LRU-4 in the Lalmai-Rukhia area-Processing and interpretation. |
| 13. | Resource assessment of the Kailashtial gas/condensate Field, October 1992 |
| 14. | Structural modeling of outcropping anticlines in the eastern folded belt of Bangladesh, Role Clay Diapirism-a regional synthesis. |
| 15. | Velocity distribution in Bengal basin, Bangladesh, September |
| 16. | The Crustal structure in Bangladesh, August 1991 |
| 17. | Haripur Structure-Sylhet, seismic interpretation, July 1991 |
| 18. | The Optimum Ratio of Propane and Butane in LPG, July 2022 |

| Serial No. | Research Topic |
|---|---|
| **19.** | Geochemical Characteristics of Neogene Shales form Zakiganj- 1 Well Zakiganj-1 wells at Eastern folded flank, Bangladesh: implication to delineate the Provenance, Weathering and Tectonic Setting. |
| **20.** | Geochemistry and geochronology of iron bearing basement rocks, Dinajpur district, Bangladesh. |
| **21.** | Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and Gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML) |

২০২৩-২৪ অর্থবছরে বিপিআই "Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and Gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML)" শিরোনামে Artificial Intelligence (AI) and Machine Learning (ML) বিষয়ে গবেষণা কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে। এ গবেষণায় বাংলাদেশের তেল এবং গ্যাস ফিল্ডে কৃত্তিম বুদ্ধিমত্তা ও মেশিন লার্নিং পদ্ধতির প্রয়োগ করার মাধ্যমে নিরাপত্তা ঝুঁকি হ্রাস এবং মেইনট্যানেন্স কর্মপদ্ধতিকে অধিকতর কার্যকর করাসহ তেল এবং গ্যাস ফিল্ডে রোবোটিক সিস্টেম প্রয়োগের মাধ্যমে বিপদজ্জনক স্থানে অপারেশনাল কার্যক্রম পরিচালনার জন্য মানব নির্ভরতা হ্রাস করা সম্পর্কে আলোকপাত করা হয়। এর ধারাবাহিকতায় বর্তমানেও উচ্চতর গবেষণা কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া চলমান রয়েছে।

এছাড়াও ২০২৩-২৪ অর্থবছরের ০২ মে ২০২৪ ইং তারিখে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)- এর উদ্যোগে "ROLE OF RESEARCH IN SUSTAINABLE SUPPLY AND USES OF ENERGY AND MINERAL RESOURCES FOR BUILDING SMART BANGLADESH" শীর্ষক একটি সেমিনার প্রতিষ্ঠানটির নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ নূরুল আলম প্রধান অতিথি হিসেবে উক্ত সেমিনারে উপস্থিত ছিলেন।




চিত্রঃ ২০২৩-২৪ অর্থবছরে বিপিআই কর্তৃক পরিচালিত গবেষণা প্রজেক্টের কিছু খন্ডচিত্র।

# ষষ্ঠ পরিচ্ছেদ

# ২০২৩-২৪ অর্থবছরের কিছু উল্লেখযোগ্য অর্জন

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী (প্রদেয় ভবিষ্য তহবিল)**

প্রদেয় ভবিষ্য তহবিল বিধিমালা, ১৯৭৯ এবং বিপিআই কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬ অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর কর্মকর্তা ও কর্মচারীগণ প্রদেয় ভবিষ্য তহবিলের সুবিধা প্রাপ্ত হবেন। প্রদেয় ভবিষ্য তহবিল গঠনের লক্ষ্যে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর কমকর্তা ও কর্মচারীগণের জন্য 'বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী (প্রদেয় ভবিষ্য তহবিল) প্রবিধানমালা, ২০২৩' ইতোমধ্যে গেজেট আকারে প্রকাশিত হয়েছে। উক্ত প্রবিধানমালার বিধি অনুসরণপূর্বক ২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)-এর কর্মকর্তা-কর্মচারীগণের জন্য প্রদেয় ভবিষ্য তহবিল ইতোমধ্যে চালু করা হয়েছে।

**বার্ষিক কর্মসম্পাদনের সার্বিক চিত্র ২০২৩-২৪**

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী এবং অন্যান্য বছরের ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থবছরে ২২টি অনক্যাম্পাস প্রশিক্ষণ ও ২টি অনলাইন প্রশিক্ষণের আয়োজন করে। ২৪টি প্রশিক্ষণে বিভিন্ন দপ্তর/ সংস্থা/ কোম্পানি থেকে সর্বমোট ৬০১ (ছয়শত এক) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। তন্মধ্যে, দুই মাস ব্যাপী বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণে (চতুর্থ ব্যাচ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর বিভিন্ন দপ্তর/ সংস্থা/ কোম্পানি থেকে সর্বমোট ২৭ (সাতাশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে। এছাড়াও অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরূপ-

- বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ সম্পর্কিত গবেষণা পরিচালনার লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূতত্ত্ব বিভাগের সাথে এম ও ইউ স্বাক্ষর করেছে।
- বিপিআই এর প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের অংশ হিসাবে প্রদেয় ভবিষ্য তহবিল চালুকরণের লক্ষ্যে ট্রাষ্টি বোর্ড গঠন করা হয়েছে।
- "Design and Construction of Remotely Operated Vehicle (ROV) for Oil and gas Industry in Bangladesh: Implementation of Artificial Intelligence (AI) and Machine Learning (ML)" শীর্ষক গবেষণা কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

- ❖ বিপিআই এর কার্যক্রম উন্নয়নের লক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ ৫টি প্রতিষ্ঠানে প্রশিক্ষণ সম্পর্কিত প্রচারণা ও সরেজমিনে ফিডব্যাক গ্রহণ করা হয় এবং পরিদর্শনের সুপারিশসমূহ বাস্তবায়ন করা হয়।
- ❖ বাংলাদেশে জ্বালানি ও খনিজ সম্পদের যোগান ও ব্যবহার বিষয়ে "Role of Research in Sustainable Supply and Uses of Energy and Mineral Resources for Building Smart Bangladesh" শীর্ষক সেমিনার এর আয়োজন করা হয় যেখানে উপস্থিত ছিলেন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নূরুল আলম-সহ অন্যান্য গণ্যমান্য ব্যাক্তিবর্গ।

২০২৩-২৪ অর্থবছরে এপিএ কার্যক্রমের ১০০ ভাগ সফলভাবে বাস্তবায়িত হয়েছে।

## সেবা প্রদান প্রতিশ্রুতি

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ ১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়, যেখানে ২৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয় এবং এ প্রশিক্ষণসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২৪, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনাসমূহ, বিপিআই-এর নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবাসমূহের বিষয়ে প্রশিক্ষণার্থীদের অবহিত করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে বিপিআই-এর ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি ৪ বার হালনাগাদ করা হয়। এছাড়া, ২০২৩-২৪ অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক **৪টি অংশীজনের অবহিতকরণ সভা** আয়োজন করা হয়।

## শুদ্ধাচার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কাঠামো প্রণয়ন করে এবং সে অনুযায়ী সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট হয়। উল্লেখ করা প্রয়োজন যে, শুদ্ধাচার পুরস্কার প্রদান (সংশোধন) নীতিমালা, ২০২১ অনুযায়ী ২০২৩-২৪ অর্থবছরে ২য়-৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা জনাব রুবেল হোসেন, সহকারী পরিচালক ও জনাব মোঃ সাদ ইবনে শামীম, বৈজ্ঞানিক কর্মকর্তা-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। ১০ম-১৬তম গ্রেডভুক্ত কর্মচারী জনাব মোঃ আশরাফুজ্জামান, সহকারী (ভান্ডার) ও বেগম রোকেয়া মজুমদার, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে এবং ১৭তম-২০তম গ্রেডভুক্ত কর্মচারী জনাব লায়লা শাহানাজ, অফিস সহায়ক ও জনাব মোঃ গিয়াস উদ্দিন, অফিস সহায়ক (মোট ৬ জন)-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

**ইনোভেশন কার্যক্রম**

২০২৩-২৪ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ইনোভেশন কার্যক্রম-এর আওতায় ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নসংক্রান্ত প্রশিক্ষণের আওতায় ২ (দুই) টি অভ্যন্তরীণ প্রশিক্ষণে মোট ৪৯ (উনপঞ্চাশ) জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ অর্থবছরের কর্মসম্পাদন সূচক নং [১.১.১] 'সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত'-এর লক্ষ্য পূরণের নিমিত্ত বিপিআই-এর হিসাব সেবা এবং প্রশিক্ষণ সেবাকে 'Financial Accounting Management & Training Management Software' স্থাপন করার মাধ্যমে সেবাটি সহজীকরণ এবং ডিজিটাইজেশন-এর মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হয়েছে।

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর সৌন্দর্য বর্ধন**

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর পারিপার্শ্বিক এলাকার সৌন্দর্য বর্ধনে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ভবনের আঙিনায় নানা জাতীয় ফুল, ফল এবং ঔষধি বৃক্ষসমৃদ্ধ একটি বাগান রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর মূল ভবনের ছাদে একটি সুদৃশ্য ফুল ও ফলের বাগান স্থাপন করা হয়েছে। ছাদ বাগানের ক্রমবর্ধমান উন্নয়ন-এর কাজ চলমান।



*চিত্র: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কার্যালয়ের ছাদ বাগান*

*চিত্র: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কার্যালয়ের ছাদ বাগান*

**গ্রন্থাগার উন্নয়ন**

প্রশিক্ষক, অনুষদের সদস্যগণ, প্রশিক্ষণার্থী ও গবেষকগণের চাহিদা মেটাতে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এ একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। প্রায় ৩,২০০টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশির ভাগ কারিগরি বিষয়ের বই রয়েছে। তাছাড়া, কিছু বিদেশি জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা রেজিস্টারে লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়। ইতোমধ্যে লাইব্রেরীর সফটওয়্যার স্থাপন করে লাইব্রেরীর সকল বই এন্ট্রি করা হয়েছে।

এছাড়াও বিপিআই গ্রন্থাগারে ২০২৩-২৪ অর্থবছরে ১টি পূর্ণাঙ্গ গবেষণা প্রতিবেদন সংযোজিত হয়েছে।



*চিত্র : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর গ্রন্থাগার*

# সপ্তম পরিচ্ছেদ

## বাজেট ও হিসাব (২০২৩-২৪ অর্থবছর)

### বাজেট ও হিসাব

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর আর্থিক হিসাব ও ব্যবস্থাপনার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেনসহ আর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান

(খ) পেট্রোবাংলার অনুদান

(গ) বিপিসির অনুদান

(ঘ) নিজস্ব আয়

### ২০২৩-২৪ অর্থবছরের আয়

| ২০২৩-২৪ অর্থ বছরের আয়ের বিবরণ | | |
|---|---|---|
| **ক্র. নং** | **খাতসমূহ** | **২০২৩-২৪ অর্থবছরের জুলাই, ২০২৩ হতে জুন, ২০২৪ পর্যন্ত আয়** |
| ১ | সরকারী অনুদানঃ<br>সরকারের সাধারণ মঞ্জুরী হিসেবে বার্ষিক অনুদান | ৩৫,২৯৯,৫০০.০০ |
| ২ | পেট্রোবাংলা হতে বার্ষিক অনুদান | ৫,০০০,০০০.০০ |
| ৩ | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন হতে বার্ষিক অনুদান | ২,০০০,০০০.০০ |
| ৪ | ইন্সটিটিউটের নিজস্ব আয় (প্রশিক্ষণ ফি ও অন্যান্য) | ৭,৭৫৩,১৪৫.৯০ |
| ৫ | বিপিআই এর নিজস্ব তহবিল বিনিয়োগ থেকে অর্জিত সুদ | ৭৬৬২৮৮১.২৫ |
| | **মোট=** | **৫৭,৭১৫,৫২৭.১৫** |

২০২৩-২৪ অর্থবছরের অর্থ বিভাগের অনুমোদিত বরাদ্দ ৩,৫৩,৫০,০০০/- (তিন কোটি তিপ্পান্ন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। ২০২৩-২৪ অর্থবছরের জন্য বিপিআই-এর নিজস্ব ফান্ড/তহবিল হতে বরাদ্দ ৩,৫৮,০৫,০০০/- (তিন কোটি আটান্ন লক্ষ পাঁচ হাজার) টাকা। ২০২৩-২৪ অর্থবছরের জন্য বিপিআই-এর মোট বাজেট ৭,১১,৫৫,০০০/- (সাত কোটি এগার লক্ষ পঞ্চান্ন হাজার)

টাকা। ২০২৩-২৪ অর্থ বছরের অর্থ বিভাগের সংশোধিত বরাদ্দে ৩,৫৩,০০,০০০/- (তিন কোটি তিপ্পান্ন লক্ষ) টাকা এবং বিপিআই এর নিজস্ব ফান্ড থেকে প্রস্তাবিত বরাদ্দের ২,৯০,১৫,০০০/- (দুই কোটি নব্বই লক্ষ পনের হাজার) টাকাসহ মোট সংশোধিত বরাদ্দে **৬,৪৩,১৫,০০০/-** (ছয় কোটি তেতাল্লিশ লক্ষ পনের হাজার) টাকা। ২০২৩-২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে **৬,৪৩,১৫,০০০/-** (ছয় কোটি তেতাল্লিশ লক্ষ পনের হাজার) টাকা বরাদ্দের বিপরীতে সর্বমোট ব্যয় হয় ৫,১১,৮৯,৯৪৬/৩৮ (পাঁচ কোটি এগার লক্ষ উননব্বই হাজার নয়শত ছেচল্লিশ টাকা আটত্রিশ পয়সা) টাকা| ২০২৩-২৪ অর্থবছরের বিপিআই-এর অনুমোদিত সংশোধনী বাজেটে আয়ের লক্ষ্যমাত্রা ৫,৮৩,০০,০০০/-(পাঁচ কোটি তিরাশি লক্ষ) টাকা যার বিপরীতে ২০২৩-২৪ অর্থবছরের বিপিআই-এর মোট প্রকৃত আয় হয় ৫৭,৭১৫,৫২৭/১৫ (পাঁচ কোটি সাতাত্তর লক্ষ পনের হাজার পাঁচশত সাতাশ টাকা পনের পয়সা) টাকা।

উল্লেখ্য, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ২০২৩-২৪ অর্থ বছরের অর্থ বিভাগের সংশোধিত বরাদ্দে ৩,৫৩,০০,০০০/- (তিন কোটি তিপ্পান্ন লক্ষ) টাকার স্থলে প্রাপ্ত ৩,৫২,৯৯,৫০০/- (তিন কোটি বায়ান্ন লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত) টাকা হতে জুলাই, ২০২৩ হতে জুন, ২০২৪ মাস পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতা খাতে ব্যয় হয় ২,৭২,৪৯,৫২৬/- (দুই কোটি বায়াত্তর লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত ছাব্বিশ টাকা) টাকা এবং বিভিন্ন খাতে অব্যয়িত মোট ৮০,৪৯,৯৭৪ (আশি লক্ষ উনপঞ্চাশ হাজার নয়শত চুয়াত্তর টাকা) টাকা বিপিআই-এর PL একাউন্টে ২০২৪-২৫ অর্থবছরের বাজেটে স্থানান্তরিত হয়েছে।

**হিসাব নিরীক্ষা:**

বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তর (পূর্বের বাণিজ্যিক অডিট অধিদপ্তর) কর্তৃক বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর ২০১০-১২ সময়কালের আর্থিক নিরীক্ষার ১টি এবং ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ১টি সহ মোট ২টি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে।

# অষ্টম পরিচ্ছেদ
# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-কে একটি আন্তর্জাতিক মানের প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলার লক্ষ্যে বর্তমান জনবল কাঠামোর উৎকর্ষ সাধন ও যুগপোযোগী যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণের জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পরিকল্পনাসমূহ বাস্তবায়িত হলে গবেষণা ও উন্নয়ন, শিক্ষামূলক সমীক্ষা পরিচালনা এবং প্রযুক্তি ত্বরান্বিত হবে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর সক্ষমতা বৃদ্ধি পাবে। পরিকল্পনাসমূহ নিম্নরূপ :

- ‘বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training Related Equipments Software ) ও আসবাবপত্র সংগ্রহ’ শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করা;
- সমৃদ্ধ একটি কম্পিউটার ল্যাব স্থাপন;
- প্রশিক্ষণার্থীগণের জন্য ডরমেটরীর মানোন্নয়ন;
- দক্ষ জনবল গঠনে আধুনিক টেকনোলোজির মাধ্যমে টেকনিক্যাল বিষয়ে ব্যবহারিক ও হাতে কলমে প্রশিক্ষণ প্রদান;
- আন্তর্জাতিক মান সম্পন্ন একটি ল্যাবরেটরী নির্মাণ;
- বিপিআই কে একটি গতিশীল প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে এর জনবল কাঠামো সংস্কার ও অর্গানোগ্রাম পুনর্গঠনের জন্য বিপিআই কার্যক্রম গ্রহণ;
- বিপিআই-কে সেন্টার অব এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিশ্বের বিখ্যাত সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে যৌথভাবে প্রশিক্ষণ ও গবেষণা সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা।
- দেশের অভ্যন্তরে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে নিয়োজিত বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে গবেষণা কার্যক্রম পরিচালনা; এবং
- জ্বালানি ও খনিজ সম্পদ খাতের উন্নয়ন সংশ্লিষ্ট প্রকল্প গ্রহণ।

# উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে জ্বালানি ও খনিজসম্পদ খাতে নিয়োজিত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করে আসছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট অপ্রতুল জনবল, ভৌত সুবিধাদি, প্রশিক্ষণসংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্রের যে সংকট রয়েছে, তা সুরাহা করার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এসকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজসম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি ও এ খাতের উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে অধিকতর তৎপর হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে।

----*****----

# বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ